

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নৌপরিবহন মন্ত্রণালয়  
প্রশাসন-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়ঃ দুর্নীতি প্রতিরোধে প্রোঅ্যাকটিভ মনিটরিং সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব অশোক মাধব রায়  
সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।  
তারিখ : ০৬-০২-২০১৭ খ্রিঃ  
সময় : বিকাল ৩:০০ ঘটিকা।  
স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ পরিশিষ্ট-ক।

আলোচনা :

সভার প্রধান অতিথি নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের উপস্থিতিতে সবাইকে স্বাগত জানিয়ে সচিব মহোদয় সভার প্রারম্ভিক সূচনা বক্তব্য উপস্থাপন করেন। মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার উপস্থিত কর্মকর্তাবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন এবং তাঁদের মতামত প্রকাশ করেন।

আলোচনাঃ

সভায় দুর্নীতি প্রতিরোধে প্রো-এ্যাকটিভ মনিটরিং ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত চেয়ারম্যান, দুর্নীতি দমন কমিশন এবং মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের দুটি ডিও পত্র উপস্থাপন করা হয়। অতঃপর মন্ত্রণালয় ও দপ্তর সংস্থাসমূহের দুর্নীতির ধূসর এলাকা সমূহ (Gray Area) চিহ্নিতকরণ এবং এর মূলোৎপাটন রোধে গৃহীত পরিকল্পনা গ্রহণে সকলকে স্ব স্ব মতামত দেওয়ার জন্য অনুরোধ করেন। পরবর্তীতে সভায় চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ এবং মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তরসহ অনেকেই তাদের স্ব স্ব দপ্তর সংস্থা কর্তৃক এ বিষয় ভবিষ্যত পরিকল্পনা নিয়ে আলোচনায় অংশগ্রহণ করেন।

মন্ত্রী মহোদয় সকল দপ্তর সংস্থা প্রধানকে দুর্নীতি প্রতিরোধে ধূসর এলাকা চিহ্নিতকরণের ক্ষেত্রে তাদের সচেতনতা বৃদ্ধি ও ডিজিটাইজড প্রক্রিয়ায় পরিকল্পনা গ্রহণের পরামর্শ প্রদান করেন। পাশাপাশি ডিজিটাইজড প্রক্রিয়া দুর্নীতিরোধে ভূমিকা রাখবে বলে তিনি আশা ব্যক্ত করেন। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

গৃহীত সিদ্ধান্তসমূহঃ

- (১) দুর্নীতির ধূসর এলাকা (Gray Area) সমূহ চিহ্নিত ও এর মূলোৎপাটনে প্রয়োজনীয় সুপারিশসমূহ স্ব স্ব দপ্তর/সংস্থা পরবর্তী ৩০ দিনের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করবে।
- (২) নিয়োগ প্রক্রিয়া, ক্রয় প্রক্রিয়া, প্রকল্প বাস্তবায়ন ইত্যাদি প্রক্রিয়ায় স্বচ্ছতা আনয়ন করতে হবে।
- (৩) দুর্নীতির ধূসর এলাকা চিহ্নিতকরণে স্ব স্ব দপ্তর/সংস্থা প্রধানকে আরও বেশি সচেতন ও সতর্ক হতে হবে।

২। আলোচনার আর কোন বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত  
১৩-০২-২০১৭  
(অশোক মাধব রায়)  
সচিব

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

১৩/০২/১৭

(এস এম শফিক)

সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১)

ফোন : ৯৫১৫৫৫১

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

- ১। চেয়ারম্যান, চব্বক/মোবক/বাস্থবক/পাবক/বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি/জাতীয় নদী রক্ষা কমিশন
- ২। মহাপরিচালক, নৌ-পরিবহন অধিদপ্তর, বিআইডব্লিউটিএ ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
- ৪। যুগ্মসচিব (আইন হালনাগাদকরণ/ বাস্থবক ও মবক/ চব্বক ও প্রশাসন/ টিএ/অডিট ও আইন/ বাজেট/ মেরিন ও এনএমআই/টিসি ও বিএসসি)/যুগ্ম-প্রধান (পরিঃ), নৌ-পরিবহন মন্ত্রণালয়।
- ৫। কমানড্যান্ট, মেরিন একাডেমী, জুলদিয়া, চট্টগ্রাম।
- ৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, গভীর সমুদ্র বন্দর সেল, ১৪৫ বেইলি রোড, ঢাকা।
- ৭। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রাম।
- ৮। উপসচিব (মোবক/জাহাজ/সমন্বয়/ অডিট ও আইন/ টিসি ও বিএসসি/বন্দর/টিএ), নৌ-পরিবহন মন্ত্রণালয়।
- ৯। উপ-প্রধান, (পরিঃ) নৌ-পরিবহন মন্ত্রণালয়।
- ১০। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (বাস্থবক/ জাহাজ/পাবক/ প্রশাসন-২/বিএসসি/ বাজেট) নৌ-পরিবহন মন্ত্রণালয়।
- ১১। সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান (পরি:-১/২/৩/৪/৫), নৌ-পরিবহন মন্ত্রণালয়।
- ১২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
- ১৩। প্রোগ্রামার, নৌ-পরিবহন মন্ত্রণালয়।
- ১৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, নৌ-পরিবহন মন্ত্রণালয়।
- ১৫। স্টোর ইনচার্জ, নৌ-পরিবহন মন্ত্রণালয়।

অনুলিপি :

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়।
- ৩। অতিরিক্ত সচিব (প্রশাসন/বাণিজ্যিক/উন্নয়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, নৌ-পরিবহন মন্ত্রণালয়।